গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা- ১৬ (কারিগরি-২)
www.moedu.gov.bd

নং-শা:১৬/অভি ২-৩/২০০৮-১৪৩

তারিখ ঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৩
২২ মে, ২০১৬

বিষয় ঃ ইছামতি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর সাবেক অধ্যক্ষ শেখ মনিরুজ্জামানের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও পদত্যাগপত্রের স্বাক্ষর বিষয়ে উত্থাপিত অভিযোগ তদন্ত করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, মোঃ আখতারুজ্জামান, সভাপতি, ইছামতি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, দেবহাটা, সাতক্ষীরা এর নিকট হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সুবোধ চন্দ্র ঢালী)
উপ-সচিব
ফোনঃ ৯৫৬৪৫৫২

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি ঃ

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\Haider\Sec-16\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০১২.১৫-৫৫০

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ
২২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ১৭/১১/২০১৫ তারিখের ৮০.০০০০.৩০১ (গোপনীয়)১১.২০০৪.১৫/২৪৭ নং স্মারকের সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) এর স্থায়ী পদে তাদের নামের পাশে বর্ণিত পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১০ম গ্রেডভুক্ত ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ/পদায়ন করা হলো :

(ক) তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বণ্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমাণ্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে;

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে এ আদেশ জারির তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে স্ব-স্ব নামের পাশে বর্ণিত পদে যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। নিম্নে নিয়োগকৃতের নাম, ঠিকানা, পদবী ও পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হলো :

ক্রঃ নং	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদ/ ও প্রস্তাবিত কর্মস্থল
১।	মোঃ মানিক মিয়া পিতা- মোঃ কদম আলী খান মাতা- রাশিদা খাতুন	গ্রামঃ + ডাকঃ বড়মা উপজেলাঃ ত্রিশাল জেলাঃ ময়মনসিংহ।	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি।
২।	মোঃ মাসুদুল ইসলাম পিতা- মোঃ ইউসুফ আলী সেখ মাতা- রেনু বেগম	গ্রামঃ গুপিনপুর ডাকঃ সাতবাড়িয়া উপজেলাঃ সুজানগর জেলাঃ পাবনা।	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) ফেনী পলিটেকনিক ইন্সটিটিউট, ফেনী।
৩।	মোঃ আবদুল্লাহ আল মামুন পিতা- মোঃ রওন আলী বেপারী মাতা- হেলেনুর বেগম	গ্রামঃ কোলচর ডাকঃ নরসিংহপুর উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট।

৪।	মোঃ আমির হোসেন পিতা- মোঃ আনছার আলী হাওলাদার মাতা- মিসেস কুলসুম বেগম	গ্রামঃ দিবাকরকাঠী ডাকঃ চাচৈর উপজেলাঃ ঝালকাঠী, জেলাঃ ঝালকাঠী।	জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার) বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং ৩৭.০০.০০০০.০৭৬.০১.০১২.১৫-৪৫৫

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ
২২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অধ্যক্ষ..।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক...।
১১। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা...।
১২। জনাব ....।
১৩। অতিরিক্ত-সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

D:\Haider\Sec-15\Poggapon (GO-40).doc